# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ২৮ জুন, ২০০৬ |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | **কর্ণেল সালাহ্উদ্দীন আহমেদ**<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড<br>ও<br>স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) ক্যাপ্টেন এম নূরুল আমিন, (এন), এনডিসি, পিএসসি, বিএন -- সদস্য
অধিনায়ক
বিএনএস হাজী মহসিন
ঢাকা সেনানিবাস।

(২) গ্রুপ ক্যাপ্টেন মোঃ শফিকুল আলম, এফ এ ডব্লিউ সি, পিএসসি, জিডি(পি) -- সদস্য
অধিনায়ক (প্রশাসনিক শাখা)
বিমানবাহিনী ঘাঁটি বাশার
ঢাকা সেনানিবাস।

(৩) মেজর আব্দুর রশিদ আকন্দ -- সদস্য
প্রতিনিধি, কমান্ড্যান্ট
সম্মিলিত সামরিক হাসপাতাল
ঢাকা সেনানিবাস।

(৪) জনাব জিয়াউল ইসলাম চৌধুরী -- সদস্য
বাসা # ৪৯/সি, শহীদ বদিউজ্জামান রোড
ক্যান্টনমেন্ট বাজার এলাকা
ঢাকা সেনানিবাস।

(৫) লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ -- সদস্য
৩৪৬, বারিধারা ডিওএইচএস
ঢাকা সেনানিবাস।

(৬) জনাব মোঃ জিয়াউদ্দীন -- সদস্য
সিনিয়র সহকারী কমিশনার ও ১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি।

এছাড়া সভায় বিশেষ আমন্ত্রণে উপস্থিত ছিলেন গ্রুপ ক্যাপ্টেন ডিএস রাজা (অবঃ), সেক্রেটারী, বনানী ডিওএইচএস পরিষদ, লেঃ কর্ণেল মোঃ আব্দুর রাশেদ লস্কর (অবঃ), মেম্বার সিকিউরিটি এন্ড এ্যাডমিন, মহাখালী ডিওএইচএস পরিষদ এবং লেঃ কর্ণেল মোঃ আব্দুল খালেক (অবঃ), সেক্রেটারী, বারিধারা ডিওএইচএস পরিষদ, ঢাকা সেনানিবাস।

উপস্থিত সদস্য এবং আমন্ত্রিত অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। সভায় আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

প্রস্তাব নং-১ ঃ গত ২৮ মে, ২০০৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ গত ২৮ মে, ২০০৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ করা হলো।

প্রস্তাব নং-২ ঃ মে, ২০০৬ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ মে, ২০০৬ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

চলমান পাতা-২

প্রস্তাব নং-৩ ঃ মে, ২০০৬ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ মে, ২০০৬ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো। রজনীগন্ধা সুপার মার্কেটের পরিস্কার-পরিচ্ছন্নতা বিষয়ে সভায় সন্তোষ প্রকাশ করা হয়। সেনানিবাস এলাকায় জমাট পানি অপসারণের ব্যবস্থাকরণসহ ড্রেন পরিষ্কার করার বিষয়ে তাগিদ প্রদান করা হয়।

প্রস্তাব নং-৪ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০৬-২০০৭ আর্থিক সালের প্রস্তাবিত বাজেট পর্যালোচনা ও অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০৬-২০০৭ আর্থিক সালের প্রস্তাবিত বাজেট বিস্তারিতভবে সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে ২০০৬-২০০৭ আর্থিক সালের প্রস্তাবিত বাজেট অনুমোদনসহ চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ জানানো হয়।

প্রস্তাব নং-৫ ঃ জিয়া কলোনীস্থ প্রিপারেটরী গ্রামার স্কুল পরিচালনা প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে স্কুলটিকে শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের সাথে আত্মীকরণের ব্যাপারে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০৭ জুন, ২০০৬ তারিখের ১৬/এমএলএন্ডসি/ইডিএন/৬৬/শা-৭/৩৩ নং পত্র মোতাবেক সুপারিশকৃত কার্যক্রমসমূহ বোর্ডসভায় উপস্থাপন করতঃ বোর্ডের মতামত চাওয়া হয়েছে। সংশ্লিষ্ট পত্রখানা আলোচনা ও সিদ্ধান্তের জন্য সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে জিয়া কলোনীস্থ প্রিপারেটরী গ্রামার স্কুলটি শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের সাথে আত্মীকরণের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে উক্ত বিদ্যালয়ে নিয়োজিত শিক্ষক/শিক্ষিকা এবং কর্মচারীদেরকে ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত বিদ্যালয়সমূহে জনবল নিয়োগের নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় যোগ্যতা এবং পদ শূণ্য থাকা সাপেক্ষে আত্মীকরণ করা যেতে পারে। এ বিষয়ে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-৬ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৫৯ নং প্লটে নির্মিত বাড়ীর ১/সি নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে (১) মেজর রোকেয়া বেগম, স্বামী- মোঃ আকতারুজ্জামান এবং (২) মোঃ আকতারুজ্জামান, পিতা- মোঃ রাজা মিয়া, বাড়ী # ৫৯, রোড # ৭, ফ্ল্যাট # ১/সি, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্রের প্রেক্ষিতে অত্র দপ্তরের ২০ অক্টোবর, ২০০৫ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৫৯/১/সি/২৫ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ফ্ল্যাটটি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর ব্যাপারে তাঁদের ৩১ মে, ২০০৬ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় আলোচনা করা হলো। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৫৯ নং প্লটে নির্মিত বাড়ীর ১/সি নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে (১) মেজর রোকেয়া বেগম, স্বামী- মোঃ আকতারুজ্জামান এবং (২) মোঃ আকতারুজ্জামান, পিতা- মোঃ রাজা মিয়া এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৭ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৪৪ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে জনাব কামরুল হাসান ওরফে মাসুদ, পিতা- মরহুম আব্দুল হাকিম, বাড়ী # ৬৪, রোড # ৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্রের প্রেক্ষিতে অত্র দপ্তরের ২০ এপ্রিল, ২০০৬ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৪৪/৩১১ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর ব্যাপারে তাঁর ০৪ জুন, ২০০৬ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনা করা হলো। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৪৪ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে জনাব কামরুল হাসান ওরফে মাসুদ, পিতা- মরহুম আব্দুল হাকিম এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৮ ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৯ নং প্লটে নির্মিত বাড়ীর এ-১০ নং ফ্ল্যাটটি কাজী সাদ্রুদ্দিন গওস এর ১০ মে, ২০০৩ তারিখের আবেদনের প্রেক্ষিতে জনাব রহমান মিজান টনী, পিতা- মরহুম হাজী মান্নান সাদ এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ২২ জুলাই, ২০০৩ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনা করা হলো। আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৯ নং প্লটে নির্মিত বাড়ীর এ-১০ নং ফ্ল্যাটটি জনাব রহমান মিজান টনী, পিতা- মরহুম হাজী মান্নান সাদ এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৯ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে দোকান বরাদ্দ অথবা নিজ খরচে দোকান উঠানোর জন্য জায়গা বরাদ্দ চেয়ে জনাব মোঃ চাঁন মিয়া, পিতা- মোঃ আকবর আলী, গ্রাম- কালীবাজাইল, পোঃ- আলীম নগর, থানা- ফুলবাড়ীয়া, জেলা- ময়মনসিংহ, বর্তমান ঠিকানা- বাসা # ৭০, রোড # ৭, ঢাকা সেনানিবাস অত্র দপ্তরে আবেদনপত্র পেশ করেছেন। এতদ্ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট আবেদনপত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় আলোচনা করা হয়। আলোচনান্তে সংশ্লিষ্ট আবেদনকারীকে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ৮/২০ নং দোকানের উত্তর পার্শ্বে ৯´-০´´ × ২০´-০´´ = ১৮০.০০ বর্গফুট জায়গা মাসিক ৫৪০/- (পাঁচশত চল্লিশ) টাকা ভাড়ায় সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিজ খরচে দোকান ঘর করার জন্য ০১(এক) বছরের জন্য বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, বোর্ডের প্রয়োজনে ০৭(সাত) দিনের নোটিশে উক্ত দোকানঘর অপসারণ করে নিতে হবে এবং এর জন্য কোন ক্ষতিপূরণ দাবী করা যাবে না।

**চলমান পাতা-৪**

প্রস্তাব নং-১০ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮৬ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটির উত্তরাধিকার সূত্রে মালিকগণ দানপত্রের মাধ্যমে তাদের উক্ত প্লটের উত্তরাধিকার জনাব মোঃ আজিজুর রহমানকে দানপত্রমূলে (হেবা) তাঁর নামে রেজিস্ট্রি করার অনুমতি প্রদানের জন্য গত ২১ মে, ২০০৬ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। এতদ্ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট আবেদনপত্রসহ নথিটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনা করা হলো। আলোচনান্তে এ বিষয়ে আইন উপদেষ্টার মতামত গ্রহণ করতঃ হেবা/দান সংক্রান্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক সর্বশেষ প্রণীত আইনের বিধান মোতাবেক কোন অসুবিধা না থাকলে রেজিস্ট্রি করার অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১১ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১১২ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি লীজসূত্রে মালিক হাজী আব্দুস সালাম তার ৩(তিন) পুত্রের নামে দানপত্রের (হেবা দলিলমূলে) মাধ্যমে দলিল রেজিস্ট্রি করার অনুমতি প্রদানের জন্য গত ০২ মে, ২০০৬ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। এতদ্ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট আবেদনপত্রসহ নথিটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় আলোচনা করা হলো। আলোচনান্তে এ বিষয়ে আইন উপদেষ্টার মতামত গ্রহণ করতঃ হেবা/দান সংক্রান্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক সর্বশেষ প্রণীত আইনের বিধান মোতাবেক কোন অসুবিধা না থাকলে রেজিস্ট্রি করার অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১২ ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৩ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মালিকগণ যথাক্রমে (১) মাহীন সুলতান ও (২) সোনিয়া এম সুলতান এর ১৮ জানুয়ারি, ২০০৫ তারিখের আবেদনের প্রেক্ষিতে (১) আয়েশা আজিজ খান, (২) আবিদা আজিজ খান ও (৩) আজীজা আজিজ খান, সর্বপিতা- জনাব মোঃ আজিজ খান, ১৪এ, শহীদ সরণি, ক্যান্টনমেন্ট আ/এ, ঢাকা সেনানিবাস এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ১৩ জুন, ২০০৬ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্রেতাগণের অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্রসহ নথিটি উপস্থাপন করা হলো। উল্লেখ্য যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৩ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মালিকগণ উক্ত বাড়ীটি বিক্রির অনুমোদনের জন্য ১৮ জানুয়ারি, ২০০৬ তারিখে অত্র দপ্তরে দাখিলকৃত আবেদনপত্রটি বাতিল করার জন্য ১৮ জুন, ২০০৬ তারিখে অত্র দপ্তরে একখানা আবেদনপত্র পেশ করেন। এতদ্ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৩ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি বিক্রয়/হস্তান্তর অনুমতি প্রদানের জন্য ইতোপূর্বে উক্ত প্লটের মালিকগণ অত্র দপ্তরে আবেদন করেন। এ বিষয়ে প্রচলিত নিয়মানুযায়ী প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্রের জন্য অত্র দপ্তর কর্তৃক পত্র প্রেরণ করা হলে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ১৩ জুন, ২০০৬ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্রের মাধ্যমে প্রস্তাবিত ক্রেতাদের অনুকূলে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়। এর মধ্যে ১৮ জুন, ২০০৬ তারিখে উক্ত বাড়ীর মালিকগণ প্রস্তাবিত ক্রেতার অনুকূলে বিক্রয়/হস্তান্তর অনুমতি প্রদানের ইতোপূর্বের আবেদনটি বাতিল করার জন্য অনুরোধ করেন। সার্বিক বিষয় পর্যালোচনায় এ ব্যাপারে ক্রেতা এবং বিক্রেতার সমঝোতা সাপেক্ষে এ ব্যাপারে কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। এ বিষয়ে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরকে অবগত করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো।

চলমান পাতা-৫

প্রস্তাব নং-১৩ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৫ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত্ত দর | সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | কচুক্ষেত পুরান বাজার এলাকার মুসলিম মডার্ণ একাডেমীর পিছনের ড্রেনের উপর স্ল্যাব নির্মাণ। | ৩৯,৮১৯/- টাকা | মেসার্স কাশেম এন্ড সন্স | ০৮.০০% উর্ধ্বে | সিডিউল সমহার | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (২) | ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-১০৮ এর মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ২২,২৬৮/- টাকা | মেসার্স হাবিব ট্রেডিং | ০৭.০০% উর্ধ্বে | ০৬.০০% নিম্নে | -ঐ- |
| (৩) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৫-ডি/২ নং বাসা মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ৩৬,৫০০/- টাকা | মেসার্স জি এম এন্টারপ্রাইজ | ০৭.০০% উর্ধ্বে | ০৬.০০% নিম্নে | -ঐ- |
| (৪) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার প্লট নং-৬৫/ডি এর পরিবর্তে প্লট নং-৬৪/এ এর পিছনের খালি জায়াগায় ৪র্থ শ্রেণীর কর্মচারীদের জন্য ৬ তলা ভিতের নীচতলায় ৪টি বাসস্থান নির্মাণ কাজের সয়েল টেস্ট, আর্কিটেকচারাল এবং স্ট্রাকচারাল নকশা তৈরী। | ৫১,৬০,৬৯৭/- টাকা | ইউনিক কনসালটিং সার্ভিসেস | মোট মূল্যানুমানের উপর ০১.০০% | মোট মূল্যানুমানের উপর ০০.৯০% | বাজেট বরাদ্দ |
| (৫) | শহীদ সরণিস্থ শহীদ আনোয়ার গার্লস কলেজ সংলগ্ন চৌরাস্তায় স্থাপিত ট্রাফিক বাতি সিংগেল সিস্টেমের পরিবর্তে ডাবল সিস্টেমকরণ। | ৩১,৯৮০/- টাকা (বাজার দর) | মেসার্স হোম আর্কিটেক্ট (প্রাঃ) লিঃ | ৩১,৯৮০/- টাকা (বাজার দর) | ৩১,৯৮০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (৬) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬০ নং বাড়ীর নীচতলার সংস্কার-মেরামত, বৈদ্যুতিক, স্যানিটারী ও পানির লাইন স্থাপন। | ৪৯,০৩৯/- টাকা | মেসার্স পেয়ার আহমেদ এন্ড ব্রাদার্স | ০৪.০০% উর্ধ্বে | ০৬.০০% নিম্নে | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত। |
| (৭) | সেনাপল্লী হাই স্কুলের শিক্ষক কমনরুমের জন্য আসবাবপত্র সরবরাহকরণ। | ১,২৫,৯৭২/- টাকা | মেসার্স আমিন ব্রাদার্স | ০৬.০০% উর্ধ্বে | ০৪.০০% উর্ধ্বে | বাজেট প্রাপ্তি সাপেক্ষে |
| (৮) | মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পের ১ম ধাপে ১০২, ১০৩, ১০৪, ১১০ ও ১১১ নং প্লটের পশ্চিম পার্শ্বে রিটেইনিং ওয়াল নির্মাণ। | ৭,৫১,৯৫৯/- টাকা | মেসার্স মনির এন্ড কোং | ০৭.৯৯% উর্ধ্বে | ০৫.০০% উর্ধ্বে | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (৯) | ক্যান্টনমেন্ট কবরস্থানের মাটি ভরাট ও ফুটপাত নির্মাণ কাজ। | ১১,৪৬,৯৫৯/- টাকা | মেসার্স এস এস এন্টারপ্রাইজ | ০৭.৯০% উর্ধ্বে | ০৭.৫০% উর্ধ্বে | বাজেট বরাদ্দ |
| (১০) | বনানী ডিওএইচএস এলাকার ৬/বি নং রোডের মেরামত ও কার্পেটিং কাজ। | ২,৮৫,৪৪৮/- টাকা | মেসার্স আমিন ব্রাদার্স | ০৮.৯৮% উর্ধ্বে | ০৮.৯৮% উর্ধ্বে | বাজেট বরাদ্দ |
| (১১) | মহাখালী ডিওএইচএস এলাকার বিআইএস স্কুলের পশ্চিম গেইট হতে দক্ষিণ দিকে সিএসডি পর্যন্ত রাস্তার দুই পার্শ্বে সলিংকরণ। | ২,৪৬,৭৭৩/- টাকা | মেসার্স সেভেন সিরিজ এন্টারপ্রাইজ | ০৮.৪৫% উর্ধ্বে | ০৮.৪৫% উর্ধ্বে | বাজেট বরাদ্দ |
| (১২) | মহাখালী ডিওএইচএস এলাকার ৩০ নং রোডের উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ১৪,১০,৯৭৯/- টাকা | মেসার্স আলী কনস্ট্রাকশন এন্ড সাপ্লাইয়ার্স | ০৯.৮৯৯% উর্ধ্বে | ০৯.৩০% উর্ধ্বে | বাজেট বরাদ্দ |

চলমান পাতা-৬

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৫ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত্ত দর | সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১৩) | ঢাকা সেনানিবাসের বিভিন্ন স্থানের ০৫টি শিশু পার্ক মেরামত ও সাজসজ্জাকরণ। | ২৫,৯৯৩/- টাকা | মেসার্স এম আর আমিন ট্রেডার্স | ০৭.০০% উর্ধ্বে | ০৭.০০% উর্ধ্বে | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (১৪) | রজনীগন্ধা সুপার মার্কেটে মুরগী বাজার শেড সম্প্রসারণ কাজ। | ৮,৯০,০০০/- টাকা | মেসার্স সীমান্ত এজেন্সী | ০৯.০০% উর্ধ্বে | ০৪.৫০% উর্ধ্বে | বোর্ড ফান্ড |
| (১৫) | ৯০১ সেন্ট্রাল ওয়ার্কশপ বাসস্ট্যান্ডের মেরামতসহ আইল্যান্ড নির্মাণ কাজ। | ৪৯,০৪১/- টাকা | মেসার্স এইচ আর ইঞ্জিনিয়ারিং ইন্টারন্যাশনাল | ০৫.০০% উর্ধ্বে | ০৫.০০% উর্ধ্বে | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (১৬) | ঢাকা সেনানিবাসে পিইটি পরিচালনার জন্য ২৫টি সাইনবোর্ড নির্মাণ ও বিমান সদর দপ্তরের সম্মুখের পার্কে ১৭টি গ্রীল নির্মাণ ও স্থাপন কাজ। | ৪৯,৯৭১/- টাকা | মেসার্স প্রগ্রেসিভ ইঞ্জিনিয়ারিং এন্ড কোং | ০৮.৯৯% উর্ধ্বে | ০৮.৯৯% উর্ধ্বে | -ঐ- |

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত ১১(এগার) টি কাজের সর্বনিম্ন দরের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। প্রকল্পসমূহের দর বর্তমানে চলমান এমইএস এর অনুরূপ কাজের সাথে সামঞ্জস্য রেখে সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস কর্তৃক ভেটিং করা হয়েছে। উল্লেখিত কাজের গুণগত মান নিশ্চিত করার লক্ষ্যে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। বোর্ডসভায় নিম্নলিখিত দর অনুমোদন করা হলো এবং বোর্ডসভার অনুমোদিত দরে সংশ্লিষ্ট ঠিকাদারগণ কাজ করতে সম্মত থাকলে সম্মতিপত্র গ্রহণপূর্বক কার্যাদেশ প্রদান করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো ঃ-

(১) সিডিউল সমহার অনুমোদিত।
(২) ০৬.০০% নিম্নদর অনুমোদিত।
(৩) ০৬.০০% নিম্নদর অনুমোদিত।
(৪) মোট মূল্যানুমানের উপর ০০.৯০% অনুমোদিত।
(৫) ৩১,৯৮০/- টাকা অনুমোদিত।
(৬) ০৬.০০% নিম্নদর অনুমোদিত।
(৭) ০৪.০০% উর্ধ্বদর অনুমোদিত।
(৮) ০৫.০০% উর্ধ্বদর অনুমোদিত।
(৯) ০৭.৫০% উর্ধ্বদর অনুমোদিত।
(১০) ০৮.৯৮% উর্ধ্বদর অনুমোদিত।
(১১) ০৮.৪৫% উর্ধ্বদর অনুমোদিত।
(১২) ০৯.৩০% উর্ধ্বদর অনুমোদিত।
(১৩) ০৭.০০% উর্ধ্বদর অনুমোদিত।
(১৪) ০৪.৫০% উর্ধ্বদর অনুমোদিত।
(১৫) ০৫.০০% উর্ধ্বদর অনুমোদিত।
(১৬) ০৮.৯৯% উর্ধ্বদর অনুমোদিত।

প্রস্তাব নং-১৪ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৫ মোতাবেক | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার ৬৫/ডি, ২৫/ডি এবং ৪/এ নং বাসার পানির লাইন মেরামতসহ ওভারহেড ট্যাংক সরবরাহকরণ। | ৩৫,৫৫০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (২) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল, রজনীগন্ধা সুপার মার্কেট জামে মসজিদ এবং ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের পানির লাইন মেরামতকরণ। | ৩৮,৮০২/- টাকা | -ঐ- |
| (৩) | সেনাভবনের দক্ষিণ পার্শ্বের লেকের দক্ষিণ পাড়ে কাঁটা তারের বেড়া স্থাপন। | ১,১৭,৪৩৫/- টাকা | বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে |
| (৪) | বারিধারা ডিওএইচএস এলাকার ৫ নং রোডের পশ্চিম প্রান্ত হতে ৬ নং রোড পর্যন্ত রাস্তা সলিংকরণ। | ৫১,৮১৪/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল। |
| (৬) | বারিধারা ডিওএইচএস এলাকার ১ নং রোডের পশ্চিম প্রান্ত হতে পুকুর পাড় ওয়াকওয়ে পর্যন্ত রাস্তা সলিংকরণ। | ৭৫,৪২৩/- টাকা | -ঐ- |
| (৭) | ৯০১ সেন্ট্রাল ওয়ার্কশপ বাস স্ট্যান্ডের উত্তর পার্শ্বের ফুটপাত স্থানান্তর ও রাস্তা সম্প্রসারণ কাজ। | ১,৩১,১১২/- টাকা | বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে। |
| (৮) | বনানী ডিওএইচএস এলাকার কমিউনিটি সেন্টারের মাঠের পশ্চিম পার্শ্বের প্রাথমিক বিদ্যালয় ভবন মেরামত/পুনঃনির্মাণ কাজ। | ২,৭৪,৫৬০/- টাকা | বাজেট বরাদ্দ |

গৃহীত সিদ্ধান্ত ঃ উপস্থাপিত মূল্যানুমানসমূহের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে মূল্যানুমানসমূহ অনুমোদন করা হলো। অনুমোদিত মূল্যানুমানসমূহের দরপত্র আহ্বানপূর্বক চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-১৫ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির নিমিত্তে নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহ কর্তৃক আবেদন করা হয়েছে ঃ-

| ক্রমিক নং | ঠিকাদারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | মন্তব্য |
|---|---|---|
| (১) | মেসার্স মুন ট্রেডার্স এন্ড করপোরেশন<br>সিবি-১৬৬, কচুক্ষেত পুরান বাজার, ঢাকা সেনানিবাস। | |
| (২) | মেসার্স শার্ক কর্পোরেশন<br>৭১৭, পশ্চিম নাখালপাড়া (৩য় তলা), তেজগাঁও, ঢাকা-১২১৫। | |
| (৩) | মেসার্স নির্মাণ কনস্ট্রাকশন<br>১৯৮, ভাষাণটেক, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | |
| (৪) | রক বিল্ডার্স<br>সিবি-২০০, কচুক্ষেত পুরান বাজার, ঢাকা সেনানিস, ঢাকা-১২০৬। | |

এতদ্ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট আবেদনপত্রসমূহ উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তানাটির উপর আলোচনান্তে এতদ্বিষয়ে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে আবেদিত প্রতিষ্ঠানসমূহকে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১৬ ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | বেগম সুফিয়া খান গং<br>স্বামী- লেঃ জেনাঃ এম নূর উদ্দিন খান (অবঃ) | ৪৫ | বনানী ডিওএইচএস | ০৬(ছয়) তলা সংশোধিত |
| (২) | লেঃ কর্ণেল মোঃ ওয়াজী উল্লাহ চৌধুরী (অবঃ) | ৩৬৭ | মহাখালী ডিওএইচএস | -ঐ- |

চলমান পাতা-৮

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (৩) | মিসেস হাছিনা খাতুন<br>স্বামী- মৃত কর্ণেল রুহুল আমিন সিদ্দিকী | ১৬৪ | -ঐ- | ০৬(ছয়) তলা সংশোধিত |
| (৪) | ব্রিগেডিয়ার জেনারেল খন্দকার কামালুজ্জামান, এনডিসি, পিএসসি | ১৩৬ | বারিধারা ডিওএইচএস | ০৬(ছয়) তলা সংশোধিত |
| (৫) | ব্রিগেডিয়ার জেনারেল এনায়েত হোসেন (অবঃ) | ২৯৪ | -ঐ- | -ঐ- |
| (৬) | কর্ণেল সালাহ্উদ্দীন আহমেদ | ৪৫০/৬ | -ঐ- | -ঐ- |
| (৭) | লেঃ কর্ণেল রাখাল চন্দ্র সাহা | ২২৯ | -ঐ- | -ঐ- |
| (৮) | কর্ণেল কাজী শফিউদ্দিন আহমেদ | ৫৪০/৭ | -ঐ- | ০৬(ছয়) তলা |
| (৯) | ব্রিগেঃ জেনাঃ আ স ম মোস্তফা কামাল খান | ১৮৪ | -ঐ- | ০৬(ছয়) তলা |
| (১০) | বেগম লতিফা খান | ৪৮৫ | -ঐ- | ০১(এক) তলা |
| (১১) | লেঃ কর্ণেল আবু শরাফাত জামিল (অবঃ) | ২৪১ | মিরপুর ডিওএইচএস | ০১(এক) তলা |
| (১২) | লেঃ কর্ণেল শামসুল আলম, পিএসসি | ৫১৫ | -ঐ- | ০৬(ছয়) তলা |
| (১৩) | মেজর মোঃ শামসুল আমিন (অবঃ) | ২১৬ | -ঐ- | -ঐ- |
| (১৪) | কমান্ডার কাজী আবুল কাশেম, বিএন | ৩০৫ | -ঐ- | ০৬(ছয়) তলা সংশোধিত |
| (১৫) | মেজর এ বি এম নূরুল আলম (অবঃ) | ২১৪ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা |
| (১৬) | মেজর মোঃ আলী আশরাফ, বিপি (অবঃ) | ২০৪ | -ঐ- | ০৪(চার) তলা |
| (১৭) | লেঃ কর্ণেল মোঃ শায়েরুজ্জামান, পিএসসি | ২৬৭ | -ঐ- | ০৬(ছয়) তলা |
| (১৮) | লেঃ কর্ণেল এ টি এম এজহারুল হক, পিএসসি | ২৭০ | -ঐ- | -ঐ- |
| (১৯) | গ্রুপ ক্যাপ্টেন খান মোঃ নজিব (অবঃ) | ৩৮০ | -ঐ- | ২টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা |
| | গ্রুপ ক্যাপ্টেন এ এস এম আরিফুর রহমান | ৩৮১ | -ঐ- | |
| (২০) | ব্রিগেঃ জেনাঃ শামুন জিয়া | ২৭৫ | -ঐ- | -ঐ- |
| | লেঃ কর্ণেল মোঃ আব্দুল মান্নান | ২৭৭ | | |
| (২১) | ব্রিগেঃ জেনাঃ মোঃ রফিকুল ইসলাম, পিএসসি | ২৪৯ | মিরপুর ডিওএইচএস | -ঐ- |
| | ব্রিগেঃ জেনাঃ মোঃ তানভীর নিয়াজ, এনডিসি, পিএসসি | ২৫১ | | |
| (২২) | উইং কমান্ডার ফেরদৌস ইমাম (অবঃ) | ৩৮৩ | -ঐ- | ০৬(ছয়) তলা |
| (২৩) | ব্রিগেঃ জেনাঃ মোঃ শওকত হোসেন, পিএসসি<br>এবং<br>মেজর রুবীনা ইয়াসমিন | ২১৯ | -ঐ- | -ঐ- |
| (২৪) | আলহাজ্ব কমান্ডার এম এ রাজ্জাক (অবঃ) | সিএস-১২৮ (আংশিক) সিবি-২৭২/৬ | মৌজা- লালাসরাই | ০৪(চার) তলা সংশোধিত |
| (২৫) | জনাব মোঃ ইউসুফ রিয়াজ | ২৮ | ক্যান্টনমেন্ট বাজার এলাকা | ০৬(ছয়) তলা |

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত নকশাসমূহ অনুমোদন করা হলো। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-১৭ ঃ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের পরিচালক পদটিতে যুগ্ম-সচিব/অতিরিক্ত সচিবগণকে সরকার পদায়ন করে থাকে। বর্তমানে উক্ত পদে অতিরিক্ত-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা কর্মরত আছেন। অধিদপ্তরের পরিচালক মহোদয়ের জন্য ১৯৯৩ সালে ক্রয়কৃত সরকারী গাড়ীটি প্রায় অকেজো হয়ে যাওয়ার প্রেক্ষিতে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০৬ জুন, ২০০৬ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/১২০/ শা-১/১২৩ নং পত্রের মাধ্যমে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক একটি কার ক্রয় করে তা আপাততঃ অধিদপ্তরে সংযুক্ত করার জন্য যাবতীয় আনুষ্ঠানিকতা সম্পন্ন করে একটি প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হয়। অধিদপ্তরের কারটি অকেজো ঘোষণা করতঃ অর্থ মন্ত্রণালয়ের ব্যয় নিয়ন্ত্রণ শাখার সম্মতি, অর্থ মন্ত্রণালয় হতে অর্থ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে একটি কার ক্রয়ের পর ক্যান্টনমেন্ট বোর্ডের গাড়ীটি ফেরত প্রদান করা হবে বলে উক্ত পত্রে উল্লেখ করা হয়। উল্লেখ্য যে, উক্ত গাড়ী ক্রয়ের প্রয়োজনীয় অনুদান সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর কর্তৃক ২০০৫-২০০৬ আর্থিক সালের সংশোধিত বাজেটে বরাদ্দ প্রদান করা হবে।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে প্রচলিত বিধি বিধান যথাযথভাবে অনুসরণ সাপেক্ষে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পুলে একটি নতুন কার ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হলো।

স্তাব নং-১৮ ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ ঘটনোত্তর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | জনাব মোঃ আব্দুস সোবহান | ২২/এ | বনানী ডিওএইচএস | ০৬(ছয়) তলা সংশোধিত |
| (২) | মিসেস দিলরুবা আজিম<br>স্বামী- ব্রিগেঃ জেনাঃ আনোয়ারুল আজিম, পিএসসি (অবঃ) | বি/১৬৩ | মহাখালী ডিওএইচএস | ০৬(ছয়) তলা সংশোধিত |
| (৩) | মিসেস ফাতেমা বেগম গং | ১৭৪ | -ঐ- | -ঐ- |
| (৪) | জনাব মোঃ সাইফুল ইসলাম | ৪৪৬ | -ঐ- | ০৬(ছয়) তলা |
| (৫) | ক্যাপ্টেন সি ডি নওরোজ, বিএন | ৫০৭ | বারিধারা ডিওএইচএস | -ঐ- |
| (৬) | জনাব মফিজ আহম্মদ ভূঞা | ৪৪১ | -ঐ- | ০৬(ছয়) তলা সংশোধিত |
| (৭) | জনাব এ কে এম আলমগীর | ১৩০ | -ঐ- | -ঐ- |
| (৮) | মেজর মোঃ শহিদুল হক (অবঃ) | ৪৭৪ | -ঐ- | -ঐ- |
| (৯) | ব্রিগেঃ জেনাঃ আবিদুর রেজা খান | ৩৫০ | -ঐ- | ০৬(ছয়) তলা |
| (১০) | কর্ণেল মোঃ আতাউর রহমান | ২১০ | -ঐ- | ০৬(ছয়) তলা সংশোধিত |
| (১১) | লেঃ কর্ণেল খান গোলাপ (অবঃ) | ৩০২ | -ঐ- | -ঐ- |
| (১২) | কর্ণেল মোঃ মোসাদ্দেক | ১৪৯ | -ঐ- | ০৬(ছয়) তলা |
| (১৩) | কর্ণেল মোঃ রফিকুল হান্নান ও<br>কর্ণেল মোঃ শাহজাহান মোল্লা | ২৫৭ ও ২৫৫ | মিরপুর ডিওএইচএস | ২টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা বাড়ী |
| (১৪) | লেঃ কর্ণেল এস এম আমান উল্লাহ | ৪১৫ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা |
| (১৫) | লেঃ কর্ণেল মোঃ আবুল কাশেম | ২১৩ | -ঐ- | -ঐ- |
| (১৬) | কর্ণেল মোঃ আনিসুর রহমান | ৪১২ | -ঐ- | -ঐ- |
| (১৭) | কর্ণেল ওমর ফারুক | ২৬৮ | -ঐ- | -ঐ- |
| (১৮) | মেজর খন্দকার আবু হান্নান (অবঃ) | ২১৮ | -ঐ- | -ঐ- |
| (১৯) | লেঃ কর্ণেল আজমল হোসেন সিদ্দিকী | ১৩১ | -ঐ- | -ঐ- |
| (২০) | মেজর জেনাঃ মোঃ সরিফ উদ্দিন | ১১৪ | -ঐ- | যৌথভাবে ০৬(ছয়) তলা |
| | লেঃ কর্ণেল মুহাম্মদ লুৎফুল হক (অবঃ) | ১১৫ | | |
| (২১) | কর্ণেল এ কে এম রেজাউল করিম | ৪০৬ | -ঐ- | -ঐ- |
| | মেজর মোঃ হাবিবুল্লাহ ভূঁইয়া (অবঃ) | ৪০৭ | | |
| | মেজর পরিতোষ কুমার রায় (অবঃ) | ৪০৮ | | |
| | মেজর মোঃ সিরাজুল হক (অবঃ) | ৪০৯ | | |
| (২২) | গ্রুপ ক্যাপ্টেন শফিউল্লাহ | ৩৬৫ | -ঐ- | -ঐ- |
| | উইং কমান্ডার এস এম শাহজাহান (অবঃ) | ৩৬৩ | | |
| | গ্রুপ ক্যাপ্টেন মোঃ মনিরুল হোসেন (অবঃ) | ৩৮৭ | | |
| | উইং কমান্ডার এ বি হোসাইন (অবঃ) | ৩৮৮ | | |
| (২৩) | ব্রিগেঃ জেনাঃ হেলাল উদ্দিন আহমেদ | ২৬৩ | -ঐ- | -ঐ- |
| | লেঃ কর্ণেল কাজী আনোয়ারুল ইসলাম | ২৬১ | | |
| (২৪) | উইং কমান্ডার রবীন্দ্র কুমার ভট্টাচার্য (অবঃ) | ৩৮৯ | -ঐ- | -ঐ- |
| | উইং কমান্ডার মোঃ আক্তারুজ্জামান | ৩৯০ | | |
| (২৫) | কর্ণেল এনায়েত করিম | ১২৯ | -ঐ- | ০৬(ছয়) তলা |
| (২৬) | লেঃ কর্ণেল এ কে এম আক্তারুল ইসলাম (অবঃ) | ২৬৫ | -ঐ- | -ঐ- |
| (২৭) | মেজর আলতাফ আহমেদ খান (অবঃ) | ১৫৩ | -ঐ- | -ঐ- |
| (২৮) | লেঃ কর্ণেল মোঃ বদরুদ্দোজা (অবঃ) | ১০২ | -ঐ- | -ঐ- |
| (২৯) | কর্ণেল যোসেফ অনিল রোজারিও (অবঃ) | ১২০ | -ঐ- | -ঐ- |
| (৩০) | উইং কমান্ডার আতাউল্লাহ মঈন উদ্দীন (অবঃ) | ৪২৩ | -ঐ- | -ঐ- |
| (৩১) | মেজর সুলতান আহমেদ (অবঃ) | ৪০৫ | -ঐ- | -ঐ- |
| (৩২) | ক্যাপ্টেন মাহমুদ আলী, (ই), বিএন | ২২০ | -ঐ- | -ঐ- |

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত নকশাসমূহ ঘটনোত্তর অনুমোদন করা হলো। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-১৯ ঃ মহাখালী ডিওএইচএস এলাকার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে মহাখালী ডিওএইচএস পরিষদের ১৫ জুন, ২০০৬ তারিখের ১২৭৫/ডিওএইচএস/০৬ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে প্রস্তাবিত প্রকল্পসমূহের মূল্যানুমান প্রস্তুত করে আগামী বোর্ডসভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-২০ ঃ সেনাসদর, কিউএমজি শাখা, ঢাকা সেনানিবাসের অনুমোদনক্রমে আরএম ইন্টারন্যাশনাল, ২৭ নং হায়দার বক্স লেন, লালবাগ, ঢাকা কর্তৃক স্থাপিত ঢাকা সেনানিবাসস্থ জিয়া কলোনী এমপি চেকপোস্টের ১০০ গজ উত্তর থেকে পুলিশ বক্স পর্যন্ত ২টি ইউনিপোল এবং নিকুঞ্জ সংলগ্ন গলফ গ্রাউন্ড এলাকায় ২টি ইউনিপোলসহ মোট ৪টি ইউনিপোলের মেয়াদ আগামী ৩০ জুন, ২০০৬ তারিখে উত্তীর্ণ হবে। উক্ত ইউনিপোলসমূহের মেয়াদ পরবর্তী ০১ বছরের জন্য বর্ধিত করার ব্যাপারে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান গত ২১ জুন, ২০০৬ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট আবেদনপত্রসহ নথিটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনান্তে আরএম ইন্টারন্যাশনাল, ২৭ নং হায়দার বক্স লেন, লালবাগ, ঢাকা কর্তৃক স্থাপিত ইউনিপোলসমূহের মেয়াদ হোর্ডিং চার্জ ও অন্যান্য ফি পরিশোধ সাপেক্ষে পরবর্তী ০১(এক) বছরের জন্য বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হলো।

২১বিবিধ(১) ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ হার্ডস্ট্যান্ডটি ২০০৬-২০০৭ সনের জন্য ইজারা প্রদানের নিমিত্তে ৪র্থ বারের মতো পুনঃ দরপত্র আহ্বান করা হলে গত ২১ জুন, ২০০৬ তারিখে ০৪(চার)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে জনাব সৈয়দ ফজলুল করিম, সিবি-২০০, কচুক্ষেত পুরান বাজার, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত ৬,৬৪,২০০/- (ছয় লক্ষ চৌষট্টি হাজার দুইশত) টাকার দরটি সর্বোচ্চ হয়। উক্ত সর্বোচ্চ দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ হার্ডস্ট্যান্ডটি ২০০৬-২০০৭ সনের জন্য ইজারা প্রদানের নিমিত্তে জনাব সৈয়দ ফজলুল করিম, সিবি-২০০, কচুক্ষেত পুরান বাজার, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত ৬,৬৪,২০০/- (ছয় লক্ষ চৌষট্টি হাজার দুইশত) টাকার দরটি সর্বোচ্চ অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো।

২১বিবিধ(২) ঃ সেনাভবন এবং এর পার্শ্বস্থ এলাকায় নিয়মিতভাবে ঘাস কাটার জন্য আমেরিকার তৈরী ৪.৫ হর্স পাওয়ার ক্ষমতা সম্পন্ন একটি পেট্রল চালিত ঘাস কাটার মেশিন ক্রয়ের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে গত ১৫ জুন, ২০০৬ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে বিল্লাল কর্পোরেশন, ২৪২, গুলশান লিংক রোড, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রদত্ত ২৯,৪০০/- (উনত্রিশ হাজার চারশত) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে সেনাভবন এবং এর পার্শ্বস্থ এলাকায় নিয়মিতভাবে ঘাস কাটার জন্য আমেরিকার তৈরী ৪.৫ হর্স পাওয়ার ক্ষমতা সম্পন্ন একটি পেট্রল চালিত ঘাস কাটার মেশিন ক্রয়ের নিমিত্তে বিল্লাল কর্পোরেশন, ২৪২, গুলশান লিংক রোড, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রদত্ত ২৯,৪০০/- (উনত্রিশ হাজার চারশত) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো।

**চলমান পাতা-১১**

২১বিবিধ(৩) ঃ ঢাকা সেনানিবাসের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে নিয়মিতভাবে ঘাস কাটার জন্য আমেরিকার তৈরী ৬.৫ হর্স পাওয়ার ক্ষমতা সম্পন্ন একটি পেট্রোল চালিত ঘাস কাটার মেশিন ক্রয়ের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে গত ২২ জুন, ২০০৬ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে বিল্লাল কর্পোরেশন, ২৪২, গুলশান লিংক রোড, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রদত্ত ৪২,০০০/- (বিয়াল্লিশ হাজার) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনা করা হলো। আলোচনান্তে ঢাকা সেনানিবাসের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে নিয়মিতভাবে ঘাস কাটার জন্য আমেরিকার তৈরী ৬.৫ হর্স পাওয়ার ক্ষমতা সম্পন্ন একটি পেট্রোল চালিত ঘাস কাটার মেশিন ক্রয়ের নিমিত্তে বিল্লাল কর্পোরেশন, ২৪২, গুলশান লিংক রোড, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রদত্ত ৪২,০০০/- (বিয়ালিশ হাজার) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

( মোঃ আব্দুল্লাহ আল মামুন )
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ও
সেক্রেটারী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

(কর্ণেল সালাহ্উদ্দীন আহমেদ)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।